আসন্ন রমজান উপলক্ষে নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার মনিটরিং জোরদার করণের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ ইসমাইল হোসেন
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
পিরোজপুর।

তারিখ ঃ ০৮-০৭-২০১৩ খ্রিঃ।

সময় ঃ বিকাল ৩.৩০ ঘটিকা।

স্থান ঃ জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয়ের সভাকক্ষ।

উপস্থিত সদস্যবৃনেদর স্বাক্ষর পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা বাজার কর্মকর্তা, পিরোজপুর বাণিজ্য মন্ত্রনালয়ের ২৬/০৬/১৩ তারিখের ২৬.০০.০০০০.১১৩.০০৬.০১৩.১১.১৮১ নং স্মারকের পত্রটি পাঠ করে শুনান এবং উক্ত পত্রের আলোকে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

১। সিনিয়র সহ-সভাপতি, দি চেম্বার অব কমার্স, পিরোজপুর জানান যে, অন্য জেলার তুলনায় নিত্য প্রয়োজনীয় বাজার দর পিরোজপুর জেলায় ভালো, কারণ পিরোজপুরে রমজান মাসে তদারকি ভাল করা হয় এবং সকলে রমজানের পবিত্রতা রক্ষার চেষ্টা করেন। তিনি এবারের রমজানে যাতে পিরোজপুরবাসী সুলভ মূল্যে পণ্য ক্রয় করতে পারে সেজন্য সকল ব্যবসায়ীদের অনুরোধ জানান।

২। সভাপতি, সম্মিলিত ব্যবসায়ী সমিতি, পিরোজপুর জানান যে, পিরোজপুরের ব্যবসায়ীগণ কোন পণ্যের মূল্য বাড়াতে পারবে না। যারা ইচ্ছা মত বাড়াবে তাদের বিরুদ্ধে সমিতি থেকে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। এবং প্রতিবারের ন্যায় এবারে বাজারের প্রতিটি দোকানে রেট চার্ট টানানো হবে। এ বিষয়ে সকল ব্যবসায়ীদের তিনি অনুরোধ করেন। রমজান মাসে বাজারে লেনদেন বেশী হওয়ার কারণে ছিনতাই প্রবণতা বাড়তে পারে তাই তিনি পুলিশ বাহিনীকে এ বিষয়ে সতর্ক থাকতে অনুরোধ করেন। সর্বোপরি সাধারন মানুষের যাতে নিত্য প্রয়োজনীয় পণ্য ক্রয়ে কোন সমস্যা না হয় সেদিকে সকল ব্যবসায়ীদের অনুরোধ করেন।

৩। সভাপতি, ফল ব্যবসায়ী সমিতি, পিরোজপুর জানান যে, বর্তমানে ফলের দাম কম এবং কোন ফলে পিরোজপুরে বিষাক্ত পদার্থ ব্যবহার করা হয় না। তিনি সকলকে আশ্বস্ত করেন যে, রমজান মাসের অজুহাতে কোন ফলের দাম বাড়ানো হবে না।

৪। সভাপতি, মাংস ব্যবসায়ী সমিতি, পিরোজপুর জানান যে, গরুর মাংস বর্তমানে ২৭০-২৮০ এবং খাসির মাংস ৩৫০-৪২৫ টাকায় বিক্রি হয়। সারা রোজার মাস উক্ত দাম বহাল রাখা হবে বলে জানান এবং রোজার মাসে আরো ভাল এবং নিরোগ পশু জবাই করে বিক্রি করবেন।

৫। জনাব মজিবর রহমান, মুদি ব্যবসায়ী জানান যে, রোজার মাসে তারা যথাসম্ভব কম লাভে মালামাল বিক্রয় করবেন যাতে সাধারন মানুষ রোজার মাসে ভোগামিততে না পড়ে। তিনি আরো জানান, যে সব ব্যবসায়ী ভেজাল মাল বিক্রি করেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

৬। সাধারন সম্পাদক, সম্মিলিত ব্যবসায়ী সমিতি, পিরোজপুর জানান যে, বর্তমানে সকল পণ্যের বাজার মূল্য কম আছে এবং কম লাভে যাতে মালামাল যাতে ভোক্তাদের নিকট পৌছাঁনো যায় তার চেষ্টা আমরা করব। সেই সাথে সকল দোকানে রেট চার্ট যাতে টানানো হয় সে বিষয়ে প্রশাসনের সহযোগিতা কামনা করেন। তিনি রমজান মাসে রাস্তার উপর যে ইফতারি সামগ্রী বিক্রি করা হয় তার দর নির্ধারনের জন্য অনুরোধ করেন। বাজারের বিভিন্ন জায়গায় খোলা নিমণমানের মরিচের গুড়া, হলুদের গুড়া, ভেশন প্রভীতি বিক্রয় করা হয়। তাই এ বিষয়ে প্রশাসনকে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।

৭। সভাপতি, মুড়ি ব্যবসায়ী সমিতি, পিরোজপুর জানান যে, বর্তমানে মুড়ি ও চিড়ার দাম স্থিতিশীল। মোটা মুড়ি-৭৫-৮০, চিকন মুড়ি-৫৫-৬০ এবং লাল চিড়া-৩৮-৪০ , সাদা চিড়া-৩৫-৩৬ টাকায় বিক্রি করা হয়। রমজান মাসে ও একই দামে বিক্রয় করা হবে বলে জানান।

৮। সভাপতি, মুদি ব্যবসায়ী সমিতি, পিরোজপুর জানান যে, রমজান মাসে তারা কম লাভে মালামাল বিক্রয়ের চেষ্টা করবেন এবং সকল ব্যবসায়ী যাতে রমজানের পবিত্রতা রক্ষা করে সে বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।

৯। মালিক, দোয়েল এন্টারপ্রাইজ, পিরোজপুর জানান যে, বর্তমানে বাজারে তেলের দাম কমছে রমজান মাসে আরও কমার সম্ভাবনা আছে।

বিস্তারিত আলোচনামেত একটি মনিটরিং টিম গঠনের জন্য সকলে একমত পোষণ করেন এবং নিমণলিখিত ১৫ সদস্যের সমন্বয়ে একটি মনিটরিং টিম গঠন করা হয়। এই টিম নিয়মিত বাজার মনিটরিং করে নিমণস্বাক্ষরকারীকে অবহিত করবেন।

| | | |
|---|---|---|
| ১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর | - | আহবায়ক। |
| ২। অতিরিক্ত পুলিশ সুপার, পিরোজপুর | - | সদস্য। |
| ৩। নেজারত ডেপুটি কালেক্টর, পিরোজপুর | - | সদস্য। |
| ৪। জনাব তৌহিদ উদ্দিন সেখ,চেম্বার অব কমার্স, পিরোজপুর | - | সদস্য। |
| ৫। জনাব শেখ আতাউর রহমান, সভাপতি, সম্মিলিত ব্যবসায়ী সমিতি | - | সদস্য। |
| ৬। জনাব মাছুম বিললাহ, সর্জি বিক্রেতা, পিরোজপুর | - | সদস্য। |
| ৭। জনাব ওবায়দুল হক আকন, সম্পাদক, ব্যবসায়ী সমিতি | - | সদস্য। |
| ৮। জনাব কালাম মাতুববর, মুদি ব্যবসায়ী, পিরোজপুর | - | সদস্য। |
| ৯। জনাব সাহাদত হোসেন সিকদার, মাংস ব্যবসায়ী, পিরোজপুর | - | সদস্য। |
| ১০। জনাব মোঃ জামাল হাওলাদার, মাছ ব্যবসায়ী, পিরোজপুর | - | সদস্য। |
| ১১। জনাব মোঃ মাহাতাব উদ্দিন খান, হোটেল মালিক, পিরোজপুর | - | সদস্য। |
| ১২। জনাব আঃ ছালাম বাতেন, কাউন্সিলর, পিরোজপুর পৌরসভা | - | সদস্য। |
| ১৩। সেনিটারী ইন্সপেক্টর, পিরোজপুর পৌরসভা | - | সদস্য। |
| ১৪। সেনিটারী ইন্সপেক্টর, পিরোজপুর | - | সদস্য। |
| ১৫। জেলা বাজার কর্মকর্তা, পিরোজপুর | - | সদস্য সচিব। |

অতিরিক্ত পুলিশ সুপার, পিরোজপুর রমজানের পবিত্রতা রক্ষার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি রমজান মাসে মানুষের সেবা করার জন্য ব্যবসায়ীদের অনুরোধ করেন। কম লাভে যাতে মালামাল বিক্রি করা হয় সেজন্য সকল ব্যবসায়ীদের অনুরোধ করেন। রমজান মাসে যাতে হোটেলে পর্দা টানানো হয় সে বিষয়ে সকল হোটেল মালিকদের অনুরোধ করেন। সন্ধ্যায় ইফতার সামগ্রী নিয়ে যাতে রাস্তা বন্ধ না করা হয় সে দিকে সকলে দৃষ্টি আকর্ষন করেন এবং সকাল ৮.০০ ঘটিকার আগে রাস্তায় ট্রাক রেখে মাল লোড ও আনলোড করার জন্য অনুরোধ করেন। তিনি সকল ব্যবসায়ীদের রোজার মাসে রোজাদারদের ভেজালমুক্ত খাবার খাওয়ানোর জন্য অনুরোধ করেন। বাজারে যদি মাদকের ব্যবসা কেউ করে থাকে তাহলে সাথে সাথে পুলিশ বাহিনীকে জানানোর জন্য অনুরোধ করেন। সর্বোপরি তিনি নিরাপত্তার বিষয়ে সকলকে আশ্বস্ত করেন।

সভাপতি তার বক্তব্যে জানান যে, রমজান মাসে সাধারন ক্রেতারা যাতে ভোগামিততে না পড়ে সে বিষয়ে সকল ব্যবসায়ীদের অনুরোধ জানান। রমজান মাসে সকল ব্যবসায়ীদের রোজাদার ক্রেতাদের সেবা করার জন্য বলেন। সকল পণ্য কম লাভে বিক্রয়ের জন্য আহবান জানান। ফল ব্যবসায়ীদের ফলে কোন রকম বিষাক্ত পদার্থ ব্যবহার না করতে অনুরোধ করেন। তিনি সকল পণ্য ন্যায্য মূল্যে বিক্রেয়ের জন্য অনুরোধ করেন। ভেজাল পণ্য বর্জনের জন্য অনুরোধ করেন, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সতর্ক করেন। পরিশেষে রমজান মাসে যাতে সাধারন মানুষের ভোগামিত কম হয় সেজন্য সকল ব্যবসায়ীদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইসমাইল হোসেন)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
পিরোজপুর।

পত্র সংখ্যা নং-০৫.১০.৭৯০০.১০৬.১৪.৮৫.১৩-                                                    তারিখঃ ০৮-০৭-২০১৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
২। পুলিশ সুপার, পিরোজপুর।
৩। জেলা বাজার কর্মকর্তা, পিরোজপুর।
৪। সভাপতি, দি চেম্বার অব কমার্স, পিরোজপুর।
৫। সভাপতি, সম্মিলিত ব্যবসায়ী সমিতি, পিরোজপুর।
৬। জনাব...................................................

......................................................

(মোঃ ইসমাইল হোসেন)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
পিরোজপুর।